

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০০৬.১৩.

তারিখ: কার্তিক ১৪৩০
অক্টোবর ২০২৩

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ কামাল উদ্দিন, আবহাওয়া সহকারী, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা রাজশাহী কার্যালয়ে কর্মরত থাকাকালীন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে সরকারি বিধি বিধান লঙ্ঘনপূর্বক ৭(সাত)টি মূল্যবান গাছ অবৈধভাবে বিক্রির অভিযোগ, উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনগত আদেশ অমান্য করা ও কর্মস্থলে নিয়মিত উপস্থিত না থাকা এবং বিভিন্ন অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ (Misconduct) ও ‘দুর্নীতি’ (Corruption) এর অভিযোগে রুজুকৃত ০১/২০২২ নম্বর বিভাগীয় মামলায় ০৭ এপ্রিল ২০২২ তারিখের ২১৪৩ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ কামাল উদ্দিন ২৪ এপ্রিল ২০২২ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করলে ৩০ জুন ২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

৩। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক ১৪ ডিসেম্বর ২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও তদন্ত প্রতিবেদনে তা সঠিকভাবে প্রতিফলিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি পুনঃতদন্তের জন্য তদন্ত কমিটিকে নির্দেশ প্রদান করা হয়;

৪। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক পুনরায় ১০ আগস্ট ২০২৩ তারিখে জনাব মোঃ কামাল উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হয়েছে কিন্তু বিধি ৩(ঘ) অনুযায়ী আনীত ‘দুর্নীতির’ (Corruption) অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে ‘০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা’ নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৬। সেহেতু, জনাব মোঃ কামাল উদ্দিন, আবহাওয়া সহকারী, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ‘অসদাচরণ’ (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে ‘০১(এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা’ নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাঃ/-
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪১০২৫৭০৫

নম্বর- ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০০৬.১৩.৫০৬৫

তারিখ: ০৭ কার্তিক ১৪৩০
১৬ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
- ২। উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা (জনাব মোঃ কামাল উদ্দিন, আবহাওয়া সহকারী-এর বিভাগীয় মামলায় শাস্তির বিষয়টি তাঁর কৃত্যক বহিতে লিপিবদ্ধের অনুরোধসহ।
- ৩। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অংকন শাখা, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, রাজশাহী।
- ৬। ডি এস মহাশাখা, আবহাওয়া সদর দপ্তর, ঢাকা।
- ৭। **বর্তমান কর্মস্থল:** জনাব মোঃ কামাল উদ্দিন, আবহাওয়া সহকারী, অংকন শাখা, ঝড় সতর্কীকরণ কেন্দ্র ঢাকা।
- ৮। **স্থায়ী ঠিকানা:** জনাব মোঃ কামাল উদ্দিন, আবহাওয়া সহকারী, পিতা- মোঃ শামশুল হোদা, গ্রাম- ইদ্রিশ হাজির টোলা, ডাকঘর- দেবীনগর, উপজেলা- চাঁপাইনবাবগঞ্জ, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।


(মোঃ আজিজুর রহমান)
পরিচালক